ছবি দুই কপি

# রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
# বিদ্যুৎ সরবরাহের চুক্তি পত্র
**(বাণিজ্যিক, দাতব্য প্রতিষ্ঠান, জিপি ও এলপি)**

এই চুক্তিপত্র অদ্য -------------------- দিন -------------------- মাস -------------------- সাল --------------------

--------------------------- **রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১** (পরবর্তীতে **"পি বি এস"** হিসাবে অভিহিত হইবে।)

এবং

মিঃ/মিসেস/মেসার্স ------------------------------------------------------------ গ্রাম ------------------------------

ডাকঘর -------------------------------- উপজেলা ------------------------------ জেলা ------------------

(পরবর্তীতে **"গ্রাহক"** হিসাবে অভিহিত হইবে।) এর মধ্যে সম্পাদিত।

এই চুক্তি পত্রের সহিত সংযুক্ত পরিশিষ্ট **"ক"**-এর বর্ণিত স্থানে ------------------------ শ্রেণীর গ্রাহক হিসাবে, গ্রাহকের ব্যবহারের জন্য সর্বোচ্চ ------------------------ কিলোওয়াট বিদ্যুৎ শক্তি পিবিএস সরবরাহ ও বিক্রয় করিবে এবং গ্রাহক পিবিএস এর নিকট হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিদ্যুৎ ক্রয় করিবেন এই মর্মে চুক্তিপত্র সম্পাদিত হইল।

১। **সার্ভিস বৈশিষ্ট্য ঃ**

(ক) বিদ্যুৎ সরবরাহের ধরণ হইবে, অল্টারনেটিং কারেন্ট, -------------------------- ফেজ---------------------ওয়্যার, ৫০ (পঞ্চাশ) সাইকেলস, ----------------------------------- ভোল্ট।

(খ) ব্যক্তি মালিকানা/এনজিও/শিল্প কমপ্লেক্স কিংবা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে পিবিএস পলিসি নির্দেশিকা ৩০০-৫/৩০০-৩০ (যাহা প্রযোজ্য) মোতাবেক হইবে।

(গ) এই চুক্তি মোতাবেক সরবরাহকৃত বিদ্যুৎ শক্তিকে গ্রাহক কোন অবস্থাতেই অন্য কোন শক্তির সহায়ক বা বিকল্প শক্তি হিসাবে ব্যবহার করিবেন না এবং সরবরাহকৃত বিদ্যুৎ অন্যের নিকট বিক্রয় করিতে পারিবেন না।

২। **বিদ্যুৎ বিল পরিশোধ ঃ**

(ক) এই চুক্তি মোতাবেক গ্রাহক যে বিদ্যুৎ শক্তি ব্যবহার করিবেন উহার বিদ্যুৎ বিল, পিবিএস বিদ্যুৎ বিক্রয় রেট সিডিউল এবং পিবিএস পলিসি নির্দেশিকা ৩০০-৩০ এর বিধি বিধান মোতাবেক গ্রাহক নিয়মিতভাবে পিবিএস এর নিকট পরিশোধ করিবেন এবং পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

(খ) গ্রাহক কর্তৃক বিদ্যুৎ ব্যবহার শুরুর দিন হইতে কিংবা বিদ্যুৎ সরবরাহ সুবিধা সৃষ্টি সম্পন্নের বিষয় গ্রাহককে পিবিএস কর্তৃক লিখিতভাবে অবহিত করণের সাত দিন পর যাহা প্রথমে ঘটিবে সেই দিন হইতে প্রথম বিলিং পিরিয়ড শুরু হইবে।

(গ) এই চুক্তি মোতাবেক পিবিএস এর সরবরাহকৃত বিদ্যুৎ শক্তির বিল মাসিক ভিত্তিতে পিবিএস এর প্রধান কার্য্যালয়ে কিংবা পিবিএস এর জেলা অফিস কিংবা বিদ্যুৎ বিল আদায়ের নিমিত্তে পিবিএস কর্তৃক মনোনীত ব্যাংকের নির্দিষ্ট শাখায় গ্রাহক বিদ্যুৎ বিল পরিশোধ করিবেন। বিদ্যুৎ বিল ইস্যুর ------------------- দিনের মধ্যে এই বিল গ্রাহক পরিশোধ করিবেন। বিদ্যুৎ বিল ইস্যুর ---------------- দিনের মধ্যে যদি পরিশোধ না করেন তবে বিলম্ব মাশুল হিসাবে মূল বিলের সহিত ১০% (শতকরা দশভাগ) অতিরিক্ত অর্থযোগ পূর্বক গ্রাহক ---------------- দিনের মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করিবেন। বিলম্ব মাশুল হিসাবে মূল বিলের ১০% (শতকরা দশভাগ) যোগ পূর্বক বিল ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে গ্রাহক বিদ্যুৎ বিল পরিশোধ না করিলে এই সম্পর্কে বিদ্যুৎ বিলে বর্ণিত নোটিশই চূড়ান্ত নোটিশ হিসাবে গণ্য করিয়া গ্রাহকের বিদ্যুৎ সংযোগ সমিতি কর্তৃক বিচ্ছিন্ন করা হইবে। সংযোগ বিচ্ছিন্ন থাকিলেও এই চুক্তিনামার অধীন, সকল দায়-দায়িত্ব হইতে গ্রাহক অব্যাহতি পাইবেন না।

(ঘ) গ্রাহক এই মর্মে সম্মতি প্রদান করিতেছেন যে, এই চুক্তি পত্রে যে কোন শর্ত ও বিদ্যুৎ বিক্রয়ের হার (রেট) সংশ্লিষ্ট পরিচালনা কর্তৃপক্ষ পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং পিবিএসকে অনুরূপ পরিবর্তন করিবার অধিকার এই চুক্তি বলে প্রদান করা হইল।

(ঙ) গ্রাহক এই মর্মে সম্মতি প্রদান করিতেছেন যে, কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হইলে গ্রাহক কর্তৃক পুনঃ সংযোগ গ্রহণ করা হোক বা না হোক, গ্রাহকের নিকট পিবিএস কর্তৃক রেট সিডিউল, সংশ্লিষ্ট পবিস নীতিমালা, ইলেক্ট্রিসিটি এ্যাক্ট ও ইলেক্ট্রিসিটি রুল অনুযায়ী দাবীকৃত সমুদয় অর্থ গ্রাহক পরিশোধ করিবেন।

৩। **সদস্য পদ ঃ**

গ্রাহক অবশ্যই পিবিএস এর নিকট সদস্য ফি/বিদ্যুৎ সংযোগ ফি প্রদান করিবেন এবং ইতিপূর্বে সদস্যপদ লাভ না করিলে বিদ্যুৎ সংযোগের পর সদস্য পদ লাভ করিবেন। পিবিএস এর প্রণীত উপ-বিধি এর বিধি-বিধান এবং বিদ্যুৎ বিক্রয়ের হার (রেট) মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। পিবিএস কর্তৃক কখনো পিবিএস উপ-বিধি এবং বিদ্যুৎ সরবরাহ শর্তাবলী, বিদ্যুৎ বিক্রয় হারের পরিবর্তন আনিলে পরবর্তীতে সকল বিষয়াদি গ্রাহক মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৪। **বিদ্যুৎ সরবরাহের ধারাবাহিকতা ঃ**

গ্রাহক যাহাতে সার্বক্ষণিক এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ পাইতে পারেন পিবিএস তাহা বাস্তবায়নে সর্বাত্মকভাবে সক্রিয় থাকিবে, তবে যদি প্রাকৃতিক কারণ, সরকারী নির্দেশ, লোড শেডিং, গণ-শত্রুতা, ধর্মঘট, শ্রমিক আন্দোলন, দুর্ঘটনা, রক্ষণাবেক্ষণ কাজ কর্ম, রাইট অফ ওয়ে অথবা পিবিএস এর নিয়ন্ত্রণ বহির্ভূত ইত্যাদি কারণে বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হইলে অথবা ইহার প্রেক্ষিতে গ্রাহকের কোন ক্ষয়ক্ষতি হইলে এই চুক্তিনামা অনুযায়ী পিবিএস দায়ী থাকিবেন না এবং গ্রাহক কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না।

৫। **প্রবেশাধিকার ঃ**

পিবিএস এর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি/কর্মকর্তা/কর্মচারী যে কোন আবশ্যকীয় সময়ে অর্পিত দায়িত্ব পালন কল্পে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ প্রতিষ্ঠানে/চত্বরে প্রবেশ করার অধিকার সংরক্ষণ করেন।

৬। **পিকলোড আওয়ার ঃ**

প্রতিদিন বিকাল (৫) ঘটিকা হইতে রাত্রি (১০) ঘটিকা পর্যন্ত পিক লোড আওয়ার হিসাবে গণ্য হইবে। এই সময়ে গ্রাহক মিল/কল-কারখানা/ওয়ার্কসপ/পাম্প চালানো বন্ধ রাখিবেন। অন্যথায় গ্রাহকের বিদ্যুৎ সংযোগ পিবিএস স্থায়ীভাবে বিচ্ছিন্ন করিবার ক্ষমতা রাখে। এই সম্পর্কে পিবিএস এর একক সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে গ্রাহক মানিয়া লইবেন।

৭। **পাওয়ার ফ্যাক্টর ঃ**

গ্রাহকের সংযোগকৃত ইন্ডাকশন লোডের পাওয়ার ফ্যাক্টর একক পাাওয়ার ফ্যাক্টরের নিকটবর্তী হইতে হইবে। বিদ্যুৎ সংযোগের পর যদি দেখা যায় গড় পাওয়ার ফ্যাক্টর-------------এর কম হয় তবে সেই ক্ষেত্রে বিদ্যুৎ বিল বিক্রয় রেট সিডিউল মোতাবেক জরিমানা হিসাবে অতিরিক্ত বিদ্যুৎ বিল প্রতিমাসে গ্রাহক পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। যতদিন পর্যন্ত গ্রাহকের সংযোগকৃত ইন্ডাকশন লোডের পাওয়ার ফ্যাক্টর গ্রাহক কর্তৃক সমিতির চাহিদা অনুযায়ী উন্নীত না করিবেন ততদিন পর্যন্ত গ্রাহক এই জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৮। **জামানত ঃ**

সকল ধরণের অফেরৎযোগ্য জামানত জমা প্রদান ছাড়াও সংশ্লিষ্ট পিবিএস পলিসি নির্দেশিকা মোতাবেক মাসিক বিদ্যুৎ ব্যবহারের বিপরীতে টাকা --------------------------- (কথায় -----------------------------------------------) গ্রাহক কর্তৃক বিক্রেতার অনুকূলে ফেরৎযোগ্য নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদানের পর পিবিএস সংযোগ সুবিধা সৃষ্টি করিবে। এই চুক্তিনামার সকল শর্ত পূরণ এবং চুক্তিপত্র বাতিল না হওয়া পর্যন্ত এই ফেরৎযোগ্য নিরাপত্তা জামানত পিবিএস গ্রাহককে ফেরত প্রদান করিবে না।

৯। **উত্তরাধিকারী এবং দায়দেনা ঃ**

এই চুক্তিনামা উভয় পক্ষের উত্তরাধিকারী, আইনগত প্রতিনিধিদের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হইবে।
গ্রাহক যে সংযোগের জন্য আবেদন করিতেছেন, এই সংযোগ (মালিকানা যাহারই হউক), বিদ্যুৎ ব্যবহার বা অন্যান্য সেবার জন্য পি.ডি.বি/বি.এ.ডি.সি/বি.আর.ডি.বি/পি.বি.এস বা অন্য কোন কর্তৃপক্ষের কোন প্রাপ্য/বকেয়া থাকিলে তাহা আবেদনকারী গ্রাহকের দেনা বলিয়া পরিগণিত হইবে এবং তিনি তাহা পরিশোধের জন্য বাধ্য বা আবদ্ধ থাকিবেন।

১০। **সদস্য পদ বাতিল ঃ**

সমিতির বরাবরে পাওনা বিল সর্বোচ্চ ৯০ (নব্বই) দিনের মধ্যে কোন গ্রাহক পরিশোধ করিতে ব্যর্থ হইলে নির্দেশিকার আর্টিকেল ৫ সেকশন ৭ (এ) অনুসারে তাঁহার সদস্যপদ আপনা আপনি বাতিল হইয়া যাইবে। এই ধরণের গ্রাহক বিদ্যুৎ শক্তি বা ক্ষমতা ব্যবহার করার সুযোগ পাইবেন না যতক্ষণ সমিতির পাওনা পরিশোধ না করেন। এই ক্ষেত্রে গ্রাহকের সদস্যপদ সমিতি বোর্ড কর্তৃক নির্দেশিকার সেকশন ৭ (সি) অনুসারে পুনঃবহাল করা যাইবে।

১১। **চুক্তির মেয়াদকাল ঃ**

এই চুক্তিপত্র যে তারিখে প্রথম সম্মাদিত হয় সেই তারিখ হইতে কার্যকরী হইবে এবং চুক্তিপত্র বর্ণিত সকল শর্ত প্রতিপালনের পর যে কোন পক্ষ অন্য পক্ষকে ০৩ (তিন) মাসের লিখিত নোটিশের মাধ্যমে চুক্তিপত্র বাতিল করিতে পারিবে।

উপরে উল্লেখিত তারিখ, সন মোতাবেক উভয় পক্ষের মধ্যে এই চুক্তি সম্পাদন ও স্বাক্ষর করা হইল।

**রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১**
পক্ষে -------------------------------------------
ডিজিএম/এজিএম (এমএস)

-------------------------------------------------------
(গ্রাহক)

পক্ষে ---------------------------------------------
পদবী ঃ --------------------------------------------

----------------------- তারিখে অনুষ্ঠিত ---------------তম
পিবিএস বোর্ড সভায় অনুমোদিত হয়।

সত্যায়িতঃ ------------------------------------------------
(সম্পাদক, পিবিএস)

সভাপতি, সহ-সভাপতি, অংশীদার কিংবা মালিক ব্যতীত অন্য কোন ব্যক্তি চুক্তিপত্রে স্বাক্ষর করিলে উহার স্বপক্ষে পাওয়ার অব এ্যাটর্নী চুক্তিপত্রের সহিত সংযুক্ত থাকিতে হইবে।

পরিশিষ্ট "ক"

# বিদ্যুৎ সংযোগ স্থানের ও লোডের বিবরণ

১। জমির মালিকের নাম ঃ ------------------------------------------------

পিতার/স্বামীর নাম ঃ ------------------------------------------------

মাতার নাম ঃ ------------------------------------------------

(ক) জমির পরিমাণ ঃ ---------------------------- (খ) দাগ নং ঃ ----------------------------

(গ) খতিয়ান নং ঃ ---------------------------- (ঘ) মৌজা ঃ ----------------------------

(ঙ) উপজেলা ঃ ---------------------------- (চ) জেলা ঃ ----------------------------

২। সংযোগ গ্রহণকারীর নাম ঃ ------------------------------------------------

পিতা/স্বামীর নাম ঃ ------------------------------------------------

বয়স ঃ ---------------------------- জন্ম তারিখ ঃ ----------------------------

<u>স্থায়ী ঠিকানা ঃ</u>

গ্রাম ঃ ---------------------------- ডাকঘর ঃ ----------------------------

উপজেলা ঃ ---------------------------- জেলা ঃ ----------------------------

৩। জমির মালিকের সহিত সংযোগ গ্রহণকারীর সম্পর্ক ঃ ----------------------------

(জমির মালিক ও সংযোগ গ্রহণকারী এক ব্যক্তি না হইলে উভয়ের মধ্যেই সম্পাদিত চুক্তিপত্র সংযুক্ত করিতে হইবে)।

৪। লোডের ধরন ঃ ----------------------------

লোডের বিবরণ ঃ-

(ক) লাইট পয়েন্ট ঃ ---------------------------- টি, মোট ঃ ---------------------------- কিঃ ওয়াট।

(খ) ফ্যান পয়েন্ট ঃ ---------------------------- টি, মোট ঃ ---------------------------- কিঃ ওয়াট।

(গ) টু-পিন সকেট ঃ ---------------------------- টি, মোট ঃ ---------------------------- কিঃ ওয়াট।

(ঘ) থ্রি-পিন সকেট ঃ ---------------------------- টি, মোট ঃ ---------------------------- কিঃ ওয়াট।

(ঙ) মটর ঃ ----------------অশ্বশক্তি ঃ ---------------- টি, মোট ঃ ---------------------------- কিঃ ওয়াট।

(চ) মটর ঃ ----------------অশ্বশক্তি ঃ ---------------- টি, মোট ঃ ---------------------------- কিঃ ওয়াট।

(ছ) মটর ঃ ----------------অশ্বশক্তি ঃ ---------------- টি, মোট ঃ ---------------------------- কিঃ ওয়াট।

(জ) ------------------------------------------------

(ঝ) ------------------------------------------------

সর্বমোট ঃ ---------------------------- কিঃ ওয়াট।

(কথায় ঃ ------------------------------------------------)

----------------------------

গ্রাহকের স্বাক্ষর

বিঃ দ্রঃ- কমপ্লেক্স/শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে লে-আউটসহ লোডের বিবরণ পৃথকভাবে চুক্তিপত্র সম্পাদনের সময় জমা প্রদান করিতে হইবে।

স্মারক নং-রপবিস-১/১০০.৪০/২০০৫/২২৪১ তাং- ০১/১০/০৫ ইং, মুদ্রণে ঃ আলীফ প্রিন্টার্স এণ্ড প্যাকেজার্স।